প্রষ্টেট পুরুষ প্রজননতন্ত্রের একটি গ্রন্থি যা ১৮-২৪ গ্রাম ওজনের, দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতায় 4X3X3 সেন্টিমিটার, দেখতে অনেকটা আখরোটের মত। এই গ্রন্থিটি মুত্রথলির ঠিক নিচে মুত্রনালির চারপাশে থাকে। মানুষের দেহে একজোড়া কিডনি থেকে অনবরত প্রস্রাব তৈরি হয়ে নিচে তলপেটে মুত্রথলিতে এসে জমা হয়। এই মূত্রথলি থেকেই পাতলা নলের মত মূত্রনালী দিয়ে প্রস্রাব বাহিরে বের হয়ে আসে। এই মূত্রনালিটি প্রষ্টেট কে এর ঠিক কেন্দ্র দিয়ে ভেদ করে বাহিরে বেরিয়ে আসে। আর এ ভাবেই এই মাংসল গ্রন্থিটি মূত্রনালিকে ডান, বাম, সামনে ও পিছন দিক থেকে ঘিরে থাকে বা মুড়িয়ে (র‍্যাপিং) রাখে।



প্রষ্টেট এর কাজঃ-

এই প্রষ্টেট থেকে নিঃসৃত দুধের মত সাদা রস পুরুষের বীর্য্য গঠনের সহায়ক। পুরুষের প্রজনণের প্রধান উপাদান শুক্র এই রসেই পুষ্টি লাভ করে, সাঁতার কাটে, চলাচল করে।

বয়স বাড়ার সাথে সাথে মানুষের শরীরের অঙ্গগুলোও বুড়ো হতে থাকে। সেই একই প্রক্রিয়ায় প্রষ্টেট বড় হতে থাকে। যতক্ষননা এই বর্ধিত (স্ফিত) প্রষ্টেট প্রস্রাব বহিঃর্গমণে বাধা (চাপ) সৃষ্টি করে ততক্ষন পর্যন্ত কোন লক্ষন উপসর্গ দেখা যায়না। সাধরনত ৫০ পঞ্চাশোর্ধ বয়সের পুরুষের ক্ষেত্রেই এই সমস্য গুলো দেখা যায়। এখনও চল্লিশ বছর হয়নি এমন পুরুষের ক্ষেত্রে এই সমস্যা কদাচিত চোখে পড়ে।

প্রষ্টেট বৃদ্ধির কারণ ঃ-

- সঠিক কারণ জানা যায়নি
- বহুমাত্রিক ফেক্টর জড়িত
- হরমোন (এন্ড্রোজেন)
- জেনেটিক (বংশগত কারণ)
- ডায়বেটিস, উচ্চ রক্তচাপ রোগীদের ক্ষেত্রে বেশি দেখা যায়।

এই রোগের (BEP) লক্ষণ/উপসর্গ ঃ-

ক. মূত্রথলিতে প্রস্রাব জমে থাকার জন্য (ইরিটেটিভ) ঃ-

- ঘন ঘন প্রস্রাব করা
- রাতে ঘুম ভেঙ্গে বার বার প্রস্রাবে যাওয়া
- অল্প সময়ের জন্য প্রস্রাবের বেগ চেপে রাখতে অসমর্থ হওয়া
- বেগ হলে মাঝে মধ্যে প্রস্রাব পড়ে যাওয়া
- প্রস্রাব এর রাস্তায় ব্যাথা জ্বালা পোড়া

খ. মূত্রথলির মুখে প্রস্রাব আটকে যাওয়ার জন্য (অবষ্ট্রাকটিভ)ঃ-

- প্রস্রাব শুরু করতে দেরী হওয়া
- ধীরলয়ে/ঝিরিঝিরি/খুব দুর্বল গতিতে প্রস্রাব হওয়া
- দীর্ঘ সময় ধরে চেপে চেপে প্রস্রাব করা
- প্রস্রাব শেষে তৃপ্তি না পাওয়া/ফ্রেস না লাগা/তল পেটে ভারী লাগা
- প্রস্রাব শেষে ফোটা ফোটা প্রস্রাব ঝরা
- বারবার প্রস্রাবে ইনফেকশন
- প্রস্রাব একেবারেই আটকে (রিটেনশন) যেতে পারে

CamScanner

অন্য আরও যে সব কারনে উপরোল্লেখিত উপসর্গ সমূহ দেখা দিতে পারে



BEP- হওয়ার পূর্বে

- প্রস্রাব এর রাস্তা চিকন বা সরু হয়ে যাওয়া
- মূত্রথলির মুখ সংকোচিত হয়ে যাওয়া
- মূত্রনালি ও মূত্রথলির প্রদাহ
- প্রষ্টেট ক্যান্সার, ব্লাডার ক্যানসার
- ওভার একটিভ ব্লাডার **(OAB)**



BEP- হওয়ার পর

আইপিএসএস (IPSS) ঃ-

আন্তর্জাতিকভাবে এই লক্ষন উপসর্গ গুলোকে পয়েন্ট হিসাব করে (০-৩৫) একটি স্কোর তালিকা করা হয় ।

Mild	স্বল্প মাত্রা	০-৭
Modarate	মাঝামাঝি	৮-১৯
Severe	তীব্র	২০-৩৫

কিভাবে রোগটি ধরা যাবে (ডায়াগনোসিস)ঃ-

ক. রোগীর ইতিহাস

খ. শারিরীক পরীক্ষা: পায়খানার রাস্তায় আঙ্গুল দিয়ে পরীক্ষা (DR

গ. ল্যাবরেটরী পরীক্ষা নিরীক্ষা:

- রোগী প্রস্রাব পরীক্ষা
- আল্ট্রসনোগ্রাম
- প্রষ্টেট স্পেসিফিক এন্টিজেন (PSA)
- সিরাম ক্রিয়েটিনিন
- ইউরোফোমেট্রি
- ইউরেথ্রোসিস্টোসকপি

বয়সভেদে পুরুষদের মধ্যে এই রোগে আক্রান্ত হওয়ার হার -

বয়স	হার
৫৫-৭৫ বছর	২৫%
৭৫ বছর এবং এর অধিক	৫০%

চিকিৎসাঃ-

কোন পদ্ধতিতে রোগীর চিকিৎসা করতে হবে তা নিচের বিষয়গুলোর উপর নির্ভর করে ঃ

- রোগীর বয়স ।
- রোগীর লক্ষণ উপসর্গের মাত্রা কতটুকু (IPSS স্কোর অনুযায়ী) ।
- ল্যাবরেটরী পরীক্ষা-নিরীক্ষার ফলাফল (US,Uroflowmetry)

ক. ফলোআপ ও পর্যবেক্ষণ (ঔষধ ও অপারেশন ছাড়া) ঃ-

- অতিরিক্ত পানি খাওয়া কমিয়ে দিতে হবে
- সন্ধ্যার পর অল্প পানি খেতে হবে
- এ্যালকোহল, ক্যাফেইন গ্রহণ নিয়ন্ত্রন করতে হবে
- নিয়মিত ব্যায়াম করতে হবে
- কোষ্ঠ কাঠিন্য চিকিৎসা করতে হবে

CamScanner

খ. ঔষধে চিকিৎসা:অধিকাংশ রোগী ঔষধের মাধ্যমে ভাল হয়ে যায়।

- আলফারিসেপটর ব্লকার-টেমসুলোসিন,আলফাজোসিন, প্রাজোসিন, টেরাজোসিন উল্লেখযোগ্য। এই জাতীয় ঔষধ মূলত মূত্রথলির মুখের চারপাশের মাংসপেশিকে শিথিল করে এবং স্বাভাবিক প্রস্রাব চলাচলে সহায়তা করে।
- এন্টিহোরমন -ফিনাষ্টেরাইড, ডিউটাষ্টেরাইড ইত্যাদি। এই ঔষধ গুলো পুরুষ হরমোন টেষ্টোষ্টেরনের কার্যকারিতা হ্রাস করে ফলে প্রষ্টেটের বৃদ্ধিকে নিয়ন্ত্রন করে। প্রতিটি ঔষধেরইপার্শ্ব প্রতিক্রিয়া রয়েছে।

গ. অপারেশন (TURP) ঃ-

আজকাল আধুনিক পদ্ধতিতে পেট না কেটে প্রস্রাব এর রাস্তা দিয়ে মেশিনের মাধ্যমে সহজেই প্রষ্টেট অপারেশন করা যায়। এই পদ্ধতিতে অতিরিক্ত মাংস কাটা, রক্ত বন্ধ করা, ওয়াশ করা প্রস্রাব এর রাস্তা দিয়ে একই মেশিনে একই সাথে সম্পন্ন হয়। এতে ২-৪ দিন প্রস্রাবের রাস্তায় ক্যাথেটার (নল) রাখতে হয়। তার পর ক্যাথেটার খুলে দিলে স্বাভাবিক প্রস্রাব হয়।



সব চিকিৎসা পদ্ধতিতেই রোগীকে নির্দিষ্ট সময় পর পর চিকিৎসকের নিকট ফলোআপ এ আসতে হয়। প্রষ্টেট বৃদ্ধিজনিত এই রোগের (BEP) চিকিৎসা সঠিক সময়ে না করলে অনেক জটিলতা দেখা দিতে পারে, যেমন-ঘনঘন প্রস্রাব এর ইনফেকশন, কিডনি ও মূত্রনালিতে পাথর, মূত্রথলি দূর্বল হয়ে যাওয়া, এমনকি কিডনি বিকল ও মৃত্যুর ঝুঁকিও দেখা দিতে পারে।

***** তাই- সর্তক হউন, সঠিক সময়ে চিকিৎসকের পরামর্শ নিন, সুস্থ্য থাকুন *****

CamScanner

স্ট্রোক প্রতিরোধে করণীয়

ডাঃ নূরুল আলম বাশার
এফ.সি.পি.এস (মেডিসিন), এম.ডি (নিউরোলজি)
এম.এ.সি.পি (আমেরিকা)
মেম্বার, ওয়ার্ল্ড স্ট্রোক অর্গানাইজেশন
সহকারী অধ্যাপক (নিউরো মেডিসিন)

স্ট্রোক কি

স্ট্রোক অতি পরিচিত একটি মেডিকেল ইমারজেন্সি। মস্তিষ্ক মানুষের শরীরের বিভিন্ন অংশ নিয়ন্ত্রণকারী একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। মস্তিষ্কের কাজ ২৪ ঘন্টার বেশী অকার্যকর থাকলে তাকে স্ট্রোক বলে।

স্ট্রোক কি কি ধরণের হয়

১. মস্তিষ্কে রক্ত চলাচল বাধাগ্রস্থ জনিত (ischemic stroke) : সাধারণভাবে শতকরা ৮৫ ভাগ স্ট্রোক-এ ধরণের হয়।

২. মস্তিষ্কে রক্তক্ষরণ জনিত (Haemorrhagic stroke) : সাধারণভাবে শতকরা ১৫ ভাগ স্ট্রোক-এ ধরণের হয়।

কি কারণে স্ট্রোক হয়

১. অপরিবর্তনযোগ্য (Fixed risk factor) ঃ

- বয়স ঃ ৬০ বৎসরের অধিক বয়স
- লিঙ্গ ঃ সাধারণভাবে পুরুষদের মহিলা অপেক্ষা স্ট্রোকে আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশী।
- বংশানুক্রম (Hereditary)
- পূর্বে আক্রান্ত হওয়া কিছু রোগ-যেমন হার্ট অ্যাটাক (MI), স্ট্রোক অথবা ইমবোলিজম।
- রক্তে ফিব্রিনোজেন এর উচ্চ মাত্রা।

২. পরিবর্তনযোগ্য ঃ

- উচ্চ রক্তচাপ (High Blood Pressure)
- হৃদরোগ ঃ যেমন ঃ হার্টফেইলুর, এট্রিয়াল ফিব্রিলেশন, হৃদপিন্ডের অন্তঝিলি-র প্রদাহ (Endocardi
- ডায়াবেটিস।
- রক্তের চর্বির অধিক্য (Dyslipidemia)
- ধুমপান।
- মাত্রাতিরিক্ত মদ্যপান।
- জন্মনিয়ন্ত্রণকারী বড়ি (contraceptive Pill) গ্রহণ
- রক্তের পলিসাইথেমিয়া নামক রোগ।
- সামাজিকভাবে সুবিধা বঞ্চিত লোক (Social deprivation)

CamScanner

স্ট্রোক হয়েছে কিভাবে বুঝবেন

১। কথা জড়িয়ে আসা/কথা বল তে না পারা।
২। দৃষ্টিহীনতা সাময়িকভাবে অথবা স্থায়ীভাবে এক চোখ অথবা দুই চোখে দেখতে না পাওয়া।
৩। ভারসাম্যহীনতা।
৪। মাথা ব্যথা হওয়া।
৫। খিঁচুনি হওয়া।
৬। রোগী অজ্ঞান হয়ে যাওয়া।

স্ট্রোক রোগীদের কি কি পরীক্ষা করা হয়

১। রক্তের সাধারণ পরীক্ষা ঃ টিসি, ডিসি, ইএসআর, হিমোগ্লোবিন (TC,DC,ESR,Hb%)
২। ডায়াবেটিসের পরীক্ষা ঃ (Blood Sugar)
৩। রক্তের চর্বির পরীক্ষা ঃ (Lipid Profile)
৪। রক্তের অন্যান্য পরীক্ষা ঃ রক্তের ক্রিয়েটিনিন, ইলেকট্রোলাইট ইত্যাদি।
৫। বুকের এক্স-রে, ই.সি.জি।
৬। ব্রেইনের-সিটি স্ক্যান, এম.আর.আই, এনজিওগ্রাম
৭। অন্যান্য পরীক্ষা ঃ হার্টের ইকো কার্ডিওগ্রাম, ঘাড়ের রক্তনালীর আল্ট্রাসনোগ্রাম (Colour Doppler Ultrasnogram of Neck Vessels)

স্ট্রোক রোগীদের কি কি চিকিৎসা দেওয়া হয়

জরুরী অবস্থায়-

- রোগীর শ্বাসনালী, চোখ, মুখ, প্রস্রাব ও পায়খানা বিশেষ যত্ন নিতে হবে।
- প্রয়োজনে নাকের নল (N-G tube) স্থাপন করে খাবার ও অন্যান্য ঔষধ গ্রহণের ব্যবস্থা করতে হবে।
- ক্ষত (Bed Sore) এড়াতে রোগীকে দুই ঘন্টা পর পর পার্শ্ব-পরিবর্তন করতে হবে।
- রক্তের সুগার, ব্লাড প্রেসার, নিয়ন্ত্রণ করতে হবে।
- ফিজিওথেরাপী ব্যবস্থা নিতে হবে।

পরবর্তীতে স্ট্রোক প্রতিরোধে কি করণীয়

Primary Prevention- এর অংশ হিসেবে

১। উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ।
২। ধুমপান, অতিরিক্ত মদ্যপান বর্জন।
৩। উপযুক্ত ঔষধের মাধ্যমে রক্তের চর্বির মাত্রা নিয়ন্ত্রণ।
৪। সক্রিয় জীবন যাপন (Active life style)
৫। অনিয়মিত হৃদ স্পন্দনের রোগীদের এন্টিকোয়াগুলেশনসহ যথাযথ ঔষধ গ্রহণ।

Secondary Prevention-এর অংশ হিসেবে

১। এন্টিপ্লাটেলেট জাতীয় ঔষধ যেমন ঃ ইকুস্পুরিন, ক্লোপিডেগরল ইত্যাদি এবং স্ট্যাটিন জাতীয় ঔষধ রক্তের চর্বি কমানোর জন্য নিয়মিত গ্রহণ।
২। নিয়মিত রক্তচাপ মেপে সেমতে ঔষধের মাত্রা পরিবর্তন করে রক্তচাপ নিয়ন্ত্রণে রাখলে পরবর্তীতে স্ট্রোকের ঝুঁকি অনেকাংশে কমে যায়।

CamScanner

এটা আমাদের গল্প

নুরেশ মাকসুদ নিশাত, ৩য় বর্ষ, রোল : ৪৯

ট্রেন থেকে নেমেই রিকশাওয়ালাকে জিজ্ঞেস করলাম"মামা, জামালপুর মেডিকেল কলেজ যাবেন?" চোখ বড় বড় করে উনি জিজ্ঞেস করলেন "এটা কুন জাগা? মেডিকেল যাবেন? মানে হাসপাতাল যাবেন?"
এই ছিল এই মেডিকেল কলেজ আমার পদার্পনের মূহুর্তের অভিজ্ঞতা। ২০১৫ সালের ১০ জানুয়ারি অর্থাৎ আজ আপনারা যখন এই লেখাটি পড়ছেন, তার ঠিক ৭৩০ দিন আগের কথা, বাংলাদেশের আনাচ কানাচ থেকে ৫১ টি মুখ সাদা এপ্রোন আর চিকিৎসক নামের অসম্ভব আকর্ষণীয় এক পদবীর স্বপ্ন নিয়ে এসেছিল এই ক্যাম্পাসে। ক্যাম্পাস বলতে যা বুঝায়, অর্থাৎ নিজস্ব বাউন্ডারি, সবুজ মাঠ, হল, ক্যান্টিন, সিনিয়র, নবীন বরন, আড্ডা, হইচই-এসব কিছুই ছিলনা সেদিন। হাসপাতালের প্রশাসনিক ভবনের দুটো রুম ভেঙ্গে একটা লেকচার গ্যালারী, ছোট ছোট অফিসগুলোতে টিউটোরিয়াল ক্লাস, দুটো ভবনে ছেলে আর মেয়েদের থাকার জায়গা, আর একটা অফিস। ক্যাম্পাস বলতে শুধুই এটুকুই।
সিনিয়রদের দিকনির্দেশনা ছাড়া মেডিকেল লাইফের মতো একটি কঠিন অধ্যায় শুরু করা প্রায় অসম্ভব। তাই ঐ নতুন মুখগুলো যখন এনাটমি, ফিজিওলজী আর বায়োকেমেস্ট্রি নামক নতুন নতুন চ্যালেঞ্জ দেখে প্রায় দিশেহারা, তখন তাদের পাশে এসে দাঁড়াল তাদের শিক্ষকরা। শুধু শিক্ষক হিসেবে নয়, কখনো অভিভাবক হয়ে, কখনোবা সিনিয়র হয়ে, তাঁরা শ্রীহীন এই ধুসর মরুতে ছায়া হয়ে ছিলেন।
কতো কচি ছিলাম আমরা, কতটা অপরিপক্ক, কতটা অসহায়। এনাটমি একটা আইটেম দিন দিনেও শেষ হতোনা। কেউ পেন্ডিং খেলে ভ্যা ভ্যা করে কান্না জুড়ে দিত, গ্রুপ স্টাডি, ডেমো খাওয়া মেডিকেল লাইফের এসব অপরিহার্য জিনিস বুঝিয়ে দেবার কেউ ছিল না। মাসের পর মাস ভিসেরার বদলে ডামি দিয়ে চলতো এনাটমি পড়াশুনা। ডেডবডি কিংবা ভিসেরার সাথে প্রথম পরিচয় হলো প্রায় নয় মাস পর। দেখতে দেখতে প্রথম প্রফেশনাল পরীক্ষা শুরু হলো। অনেক সীমাবদ্ধতা, অনেক বাধা বিঘ্নের পরও শুধুমাত্র স্যার ম্যাডামদের সহযোগিতা, আন্তরিক প্রচেষ্টা আর দোয়ায় একটা মোটামুটি চমকে দেয়ার মতো ফলাফল হল। কেউ প্রথম জানল জামালপুরেও একটা মেডিকেল কলেজ আছে। হামাগুড়ি দিয়ে এগিয়ে চলা কলেজটা এবার প্রথম দুপায়ে শক্তি পেল। শুরু হল হাটি হাটি পা পা করে একটু একটু করে এগিয়ে চলা। মেডিকেল কলেজ কবে পূর্ণাঙ্গ হবে জানি না, কবে আমাদের স্বপ্নের ক্যাম্পাস বাস্তব হয়ে ধরা দেবে, তাও জানিনা। তবে এটুকু জানি এই ছোট্ট ছোট্ট পায়ে চলতে চলতে একদিন ঠিকই পৌছে যাব আমাদের কাঙ্খিত গন্তব্যে।
একদিন যে যাত্রা ৫১ জন দিয়ে শুরু হয়েছিল আজ সে যাত্রা ১৫০'র কোঠায় পৌছল। ঐ ৫১ জন এই কলেজে পা দিয়েই একটা লড়াই শুরু করেছিল। সে লড়াই ছিল একটা অজানা অচেনা প্রতিষ্ঠানকে প্রতিষ্ঠিত করার লড়াই। একটা গহীন অরণ্য দিয়ে হেঁটে চলেছি আমরা। পথে বিছানো অনেক কাঁটা, অনেক আবর্জনা। চলার সময় সব আবর্জনাকে সরিয়ে দিয়ে পথ চলছি। যাতে আমাদের উত্তরসূরিদের ব্যাপক কষ্ট না হয়, যে সীমাবদ্ধতা আমাদের ছিল, তা যেন ওদের না থাকে। একদিন এই ক্যাম্পাসে নবীনদের বরণ করবার কেউ ছিলনা। কিন্তু আজ আমরা সবাই আছি।
তাই এই গল্পটা আমাদের শুধুই আমাদের.....।

CamScanner

কাল- পুরুষ

জান্নাত আরা মিলি (২য় ব্যাচ)
রোল : ১০

সেই কোন কালে পাতার আড়ালে
ফুটেছিল এক ফুল
সৌরভে তার কানন উজাড়
ভোমর ফুটালো হুল
জামালপুরের পথে-
দুঃখি মানুষের পাশে
সেদিন ওয়াকিল স্যার দোয়েলের শিষে,
সবাই তারে ভালোবাসে।
সেবাতে তাহার সীমা বাধিব না
তার কাছে ঋণী জাতি,
সেবায় ভাগ্য বুননে
সে আঁধার ঘরের বাতি।
সেই চিরজন যেন অনুপম
আজ আমাদের পাশে
ফুল মালঞ্চে রাখিব তাঁহারে
মনে প্রাণে ভালোবেসে
রচিতে কাহিনী শেষ নয় জানি
এমনি তাঁহার গুণ-
এই সেই মানুষ কল্প পুরুষ
গুণ তাঁর শত গুণ

নবীন বরণ

সাদেক হোসেন আকন্দ
৩য় বর্ষ, রোল : ৩৮

"শিক্ষার এই আলোকিত আঙ্গীনাতে
তোমাদের করছি বরণ
শুভ হোক তোমাদের আগমন"
তোমাদের পদভারে মুখরিত হবে
এই আঙ্গিনা
হৃদয় দোয়ার খুলে করছি বরণ তাই
ভুলে গিয়ে সব বেদনা
তোমাদের আগমনে হাজার কলিরা
পাপড়ি মেলে
আঁধার রজনী শেষে পূবের আকাশে
রক্তিম সূর্য্য দোলে
হৃদয় বীনার তারে নতুনের সুরে সুরে
তোমাদের করছি বরণ
শুভ হোক তোমাদের আগমন॥
শত প্রতিকূলতা সত্যেও এগিয়ে যাবে
তোমরা সামনের পানে
এ আশায় তোমাদের করছি বরণ
শুভ হোক তোমাদের আগমন

মানবতার কান্ডারী

জেসমিন সুলতানা
২য় বর্ষ, রোল : ০৫

শোনো, তোমাকেই বলছি,
এসেছ মানবতার মান-মন্দিরে,
সেবার মহানব্রত নিয়ে॥
আমরাও এসেছিলেম,
ঠিক একটি বছর আগে।
মনে অনেক স্বপ্ন,
আর, সুপ্ত কিছু বাসনা নিয়ে॥
সেই স্বপ্নকলি আজ প্রস্ফুটিত
সুপ্তবাসনাগুলো রূপান্তরিত
দৃঢ় প্রতিজ্ঞায়
মানবসেবার তরে,
আমাদের দীপ্ত প্রতিজ্ঞা॥
আমরা যেপথ পাড়ি দিতে চাই,
সেপথ কঠিন-দুর্গম।
কিন্তু যদি স্বপ্ন-
রূপান্তরিত হয় প্রতিজ্ঞায়,
সেপথ তো কিছুই নয়॥
সেপথে খুঁজে পাবে,
ভালোবাসা আর সম্মান।
খুঁজে পাবে,
পরম করুনাময়ের আহ্বান॥
অবশেষে তুমিই হবে জয়ী।
হে-

নবীন পথের পথিক।
মানবতার কান্ডারী॥

সাদা এপ্রোন

ফখরুল আরেফীন সানি
২য় বর্ষ, রোল : ১৩

কারো কারো স্বপ্ন, কারো কারো ইচ্ছা,
গায়ে জড়ানো সাদা এই এপ্রোনটা।

স্বপ্ন পূরণে মিটে মনের তৃষ্ণি,
নির্ঘুম রাত, পড়ার চাপ, কখনো ব্যার্থতার সৃষ্টি।

অশান্তির মাঝেও খুঁজি একটুখানি শান্তি,
হ্যা আমরাই তো মেডিকেল শিক্ষার্থী।

এরকম আছে শত কষ্টের ব্যথা,
যাতে জড়ানো হাজারো সুখ গাঁথা।

অশ্রুসিক্ত চোখ, কষ্টে যার কাঁপতে থাকে ঠোঁট,
ফুটে যখন তাতেই এক চিলতে হাসি
গর্ব করে বলতে তখন ইচ্ছে হয় খুব,
হ্যা, এই পেশাকেই আজ বড্ড ভালোবাসি।

টাকা পয়সা, বাড়ি-গাড়ি সবই হয় পাওয়া!
লোভে পড়ে হারিওনা মানবিকতার ছায়া।

স্বর্গ-সুখ মেলে যে এই পেশাটাতে,
আকড়ে ধরে বেঁচো তাই নিষ্ঠা, সততাতে

একুশের চেতনা

শরীফা আক্তার
২য় বর্ষ, রোল : ১৪

একুশ আমার চেতনা।
একুশ আমার গর্ব।
একুশ আমার অহংকার।
কেড়ে নিতে চেয়েছিল হানাদাররা
বাঙালি মায়ের মুখের কথা।
বুক বেঁধেছিল টগবগে যুবকেরা
রক্ষাখে মায়ের ভাষা।
বেয়োনেটের খোঁচায় খোঁচায়
শরীর হয়েছিল ঝাঁঝড়া।
বাঁধ সাধেনি এই টুকুতে
সূচনা হয়েছে মহান মুক্তিযুদ্ধের
প্রাণ হারিয়েছে লক্ষ শহীদ
সম্মান দিয়েছে হাজারো মা পেয়েছি
সার্বভৌমত্ব
পেয়েছি মুখের ভাষা।
আমারই মাতৃভাষা
বাংলা ভাষা।

আমি গর্বিত আমি কসাই!

নাজমুর রহমান
৩য় বর্ষ, রোল-১৩

-ভাই, এখানে এত হৈচৈ কেন?
-আরে ভাই আর বইলেন্না! এক কসাইয়ের ভুল চিকিৎসায় আজ আমার ভাগ্নি মারা গেল (কান্না জড়িত কণ্ঠে)
-তা-, ভাই আপনি কি কাজ করেন?
-ব্যবসা করি।
-তাহলে কেমনে বুঝলেন ভুল চিকিৎসা হল?
-ধুর মিয়া রোগী মারা গেছে তাই ভুল চিকিৎসা।

-কিরে আজ না তোর মেডিকেল ভর্তি পরীক্ষার রেজাল্ট দিছে?
-বাবা, আমি চান্স পাইনি।
-কি??? আজ থেকে তোর সব বন্ধ।
-বাবা আমি অন্য কোথাও চান্স পাইছি তো.....
কিছুদিন পর ঃ
-কি রহমান সাহেব আপনার ছেলে কই চান্স পাইছে
-মেডিকেলে.....
-ও ও ও কসাই বানাবেন বুঝি....

চানক্য নামে একজন পন্ডিত কোন এককালে বলেছিলেন যে, দেশে বিজ্ঞান, জ্ঞানী ও কর্মঠ ব্যক্তি প্রকৃত সম্মান পান না সে দেশ ত্যাগ ক উচিত। কিন্তু আমরা যারা ডাক্তার হয়েছি বা হচ্ছি তারা দেশ ত্যাগ করিনা কারণ আমরা কসাই, যা অন্যপেশার লোকেরা হয় হামে দেশ ত্যাগ করছে। যে ছেলে বা মেয়েটা মেডিকেলে ভর্তি হবার পর অমানুষিক পরিশ্রম করে ডাক্তার হয় তাকে কসাই ছাড়া আর কি বলা যায়, ডাক্তার হবার পরও কিন্তু তাঁর অমানুষিক পরিশ্রম শেষ হয় না, কেবল মাত্র শুরু হয়। আপনি অন্য কোন পেশার লোক দেখান যেখানে গভীর রাতে আর্তের ডাকে সাড়া দিয়ে বের হয়ে আসে। আমরা বের হয়ে আসি কারণ আমরা কসাই। আমি কসাই ব আমি অনেক অপ্রয়োজনীয় টেস্ট দিই (কিছু কিছু কাঁঠালের পাতাখোর মানুষের মতে)।
তাই বলে আমার কোন দুঃখ নেই, আমি গর্বিত যখন দেখি, কেউ স্রষ্টার পরে আমাকে চায় মনে স্থান দেয়, যখন দেখি কেউ আমার মুষ্টিবদ্ধ করে দু'ফোঁটা চোখের অশ্রু বিসর্জন দেয়, যখন দেখি কোন মা তার সন্তানকে বুকে জড়িয়ে আমার দিকে তাকিয়ে একটু হ যখন কোন বৃদ্ধ বলে, বাবা গরিব মানুষ বলে কিছু আনতে পারিনি, মুরগীর ডিমগুলা রাখ বাজা, তখন নিজের অশ্রু বিসর্জন দিয়ে ব ইচ্ছে করে, হ্যাঁ আমি কসাই, আমি গর্বিত। ছোট কালে দিল্লীকা লাড্ডু নিয়ে একটা কথা শুনতাম। দিল্লীকা লাড্ডু নাকি খাইলেও পস্ত হয়, না খাইলেও পস্তাতে হয়। আমাদের দেশের কিছু কিছু মানুষের অবস্থা এমন যে ওরা ডাক্তারদের দেখলে চৌদ্দগোষ্ঠি উদ্ধার ক আবার তারাই তাদের অনুজদের ডাক্তার বানাতে চান।
কেন রে ভাই, ডাক্তারদের প্রতি আপনাদের এত হিংসা কেন? তাঁদেরকে অন্তত তাদের প্রাপ্ত সম্মানটুকু দিন। ভাই সবারই কিন্তু ধৈ একটি আপার লিমিট থাকে। ডাক্তার হইছি বলে ভাববেন না আমরা কিছুই করতে পারিনা, জানেনইতো, "স্রষ্টাকে রাগালে ডাক্তারের ক আর ডাক্তারকে রাগালে স্রষ্টার কাছে।"

নবীনের জয়গান

মোঃ তানভীর দাউদ
৩য় বর্ষ, রোল-২৬

তোমরা নতুন তোমরা প্রজন্ম
তোমাদেরকে নিয়ে দেশ
আপামর জনতা তোমাদের নিয়ে গড়বে
সোনার বাংলাদেশ
বাংলাদেশে তোমার জন্য হয়েছে অনেক দান
তার জন্য কবি কবিতায় লিখে গেছে তোমাদের সম্মান
তোমরা হবে আগামী দিনের ভবিষ্যত প্রজন্ম তাই
তোমাদের কে নিয়ে আমরা গর্বিত সবাই
তোমাদের কে নিয়ে হাসি খুশি আনন্দময় জীবন গড়া
এইতো আমাদের আশা।
তোমাদের প্রতি রয়ে যাবে আমাদের সর্বক্ষণ ভালবাসা
তুমি যেন থাক নতুনের মতন,
তোমাদের যেন প্রতি বৎসর এভাবে করিতে পারি বরণ।
বড়দের প্রতি সম্মান আর ছোটদের প্রতি ভালবাসা
এই নিয়ে তোমাদের প্রতি আমাদের প্রত্যাশা।

রায়হান
২য় বর্ষ, রোল-১৬

স্বামী স্ত্রীর মধ্যে কথোপকথন

স্ত্রী ঃ বিয়ের আগে বলেছিলা তুমি ইঞ্জিনিয়ার।
আর এখন বলতেছো ইঞ্জিনিয়ারিং কলেজের দারোয়ান।
স্বামী ঃ হি, হি, হি !!! তোরে ছারপিরাইচ দিলুম রে পাগলী

সারাদিন বড়শি নিয়ে বসে থেকে একটিও মাছ ধরতে পারেনি এমন একজন জেলের সাথে পথযাত্রীর কথোপকথন

পথযাত্রী ঃ জেলে ভাই, আমি এই নদীটি পার হব কীভাবে ?
জেলে ঃ রাগান্বিত হয়ে-একটা থাপ্পর দিয়া নদীর মাঝখানে ফালামু।
পথযাত্রী ঃ ভাই আমাকে দয়া করে দুটি থাপ্পর দিয়ে নদীটি পার করে দিন।

CamScanner

সাবরি. তাবাস্‌সুম
৩য় বর্ষ, .াল ঃ ০৩

ইরা

সতর্কতার সাথে বাঁ হাতে ধরা টেস্টটিউবের মধ্যে ড্রপার দিয়ে আরও একফোঁটা রি-এজেন্ট ঢাললেন প্রফেসর জীন। কপালটা কুঁচকে আছে। অসন্তুষ্টতার একটা ভাব তাতে স্পষ্ট। নাহ্ এবারও হলোনা। রি-এজেন্ট 0-00000137 X 10^{-4} পিকোগ্রাম বেশি পড়ে গেছে। পাশে রাখা বড় বিকারটায় এবারও ফেলে দিতে হলো মিকারটা। সদা হাসিখুশি মুখটাতে একটা অসহায়ত্বের ভাব ফুটে উঠছে। "রিডিকুলাস' রাগে গড়গড় করতে করতে পাশের কলিংবেল টাতে চাপ দিলেন। কিছুক্ষণের মধ্যে একটি মেয়ে ঢুকলো রুমে। ফতুয়া-জিন্স পড়া, চুল ছোট ছোট করে কাটা মেয়েটার দিকে না তাকিয়েই তিনি বললেন "7389 X 10^{-51}" সেকেন্ড দেরি করার কোন যুক্তি কি আছে তোমার কাছে, ইরা?

ইরামে নামের মেয়েটি মেনে নেয়ার কণ্ঠেই বললো "না প্রফেসর, কোন বৈজ্ঞানিক যুক্তি নেই আমার জানা মতে। আমার জানার বাইরেও কিছু থাকতে পারে। এখন তা নিয়ে আমার ক্ষমা চাওয়াটা জরুরী কিনা বুঝতে পারছিনা।"

প্রফেসর ইরায় কথায় কান না দিয়ে হাত নেড়ে কিছু চাইলেন। ইরা তার হাতে ধরা গাঢ় নীল রংয়ের ফাইলটা প্রফেসরের হাতে দিয়ে বিরতীহীনভাবে বলতে লাগলো, "শার্লক হোমস তার নিজের সমাধান করা ৩৪ নম্বর কেসটা রিভিশন দিচ্ছেন। এবং কিছু একটা নিয়ে খুবই চিন্তিত দেখা যাচ্ছে তাকে।" প্রফেসর বাঁধা দিয়ে বললেন "শার্লক হোমস কি তার HE-0301A মেডিসিনটা নিয়মিত নিচ্ছেন না? গত ৩ সপ্তাহ ধরে ওই একটা কেসই রিভিশন দিয়ে যাচ্ছেন" এর আগের গুলো তো অনেক দ্রুত পড়ে ফেলেছিলেন।

ইরা কিছু বললো না। প্রফেসর আর কিছু বলছে না দেখে সে আবার বলা শুরু করলো, "বীরবল এখনও নিজেকে চোর ভাবে। তাকে প্রিন্সেস ডায়নার রুম তেকে তা প্রিয় আংটি চুরি করতে দেখা গেছে বলে জানিয়েছেন ডঃ রেইন।"

প্রফেসর বলে উঠলো "ওকে ML-72 দিনে ২বার দিতে বলে দেবে মিয়ন্ডকে" তাহলে সে তার নিজের ব্যক্তিত্বকে দ্রুত ভুলতে পারবে। নইলে, বীরবল চুরি করছে, এমনটা দেখা আমার জন্য সুখবর হবে না। একটু থেমে ঠান্ডা শীতল গলায় বললেন, "বীরবলের জন্যও হবেনা।" বলার সময় তার চোখটা জ্বল জ্বল করে উঠলো। হিংস্রতার কমতি ছিলনা ওই চোখ জোড়ায়।

ইরা একটু ঘাবড়ে গেলো। তার সতর্ক চোখ জোড়া স্ফীত হয়ে গেলো কিছুক্ষণের জন্য। কিন্তু নিজেকে সামলে নিয়ে সে আগের মতোই ভাবলেশহীন কণ্ঠে অনবরত বলে যেতে লাগলো "হ্যারি পটার ইতোমধ্যেই তার ব্যক্তিত্বকে ধারণ করতে সক্ষম হয়েছে। হারমিওনকে খুব খাটতে হচ্ছে আসল হারমিওনের সাথে তা মেলাতে......"

পুরোটা না শুনেই প্রফেসর বলে উঠলেন "হারমিওনকে A-Z/M" এর ডোজটা ডাবল করে দিতে বলবে মিয়ন্ডকে। মুখস্তবিদ্যা বাড়াতে ডোজটা খুবই কার্যকরী। আসল হারমিওনের (গল্পের) সাথে তাল মেলাতে আমাদের হারমিওনকেও মুখস্তবিদ্যায় পারদর্শী হতে হবে।

ইরা বাঁধা দিয়ে বললো, "কিন্তু প্রফেসর, ডোজটা বাড়ানোতে ওর ক্ষতি হতে পারে। এমনিতেই সাধারণ মাত্রার চেয়ে বেশি দেয়া হচ্ছে। আর মেয়েটাও ছোট, মাত্র ১৪ বছর বয়সের।"

প্রফেসর এবার ইরার দিকে চোখ তুলে চাইলেন। কি যেন একটা নতুনত্ব এসেছে তার মধ্যে, কেনো যেনো ঠিক ধরতে পারছেন না। চুলগুলো ছোটা ছোট করে ছাটা, যেনো কাজের সময় সেগুলো বিরক্ত করতে না পারে। কাঁধে আড়াআড়িভাবে নেয়া একটা ব্যাগ যাতে প্রয়োজনীয় জিনিসপত্র রাখতে পারে। ব্যাগটা জামার সাথে এটাচড করা, যেনো ওটা খোলা বা পড়ার কোন ঝামেলা না থাকে। ড্রেসটা প্রফেসরই ডিজাইন করেছিলেন, তার সবচেয়ে নির্ভরযোগ্য রোবট - ইরার জন্য।

অবিকল মানুষের মতো দেখতে এই রোবটটিতে কোন মানবিক অনুভূতি দেয়া হয়নি। এসব অপ্রয়োজনীয় অনুভূতিগুলো প্রফেসর অবশ্যই তার এসিস্টেন্টের মধ্যে দেখতে চান না, যে কিনা কাজ বাদ দিয়ে তার এক্সপেরিমেন্টের জন্য আনা মানুষগুলোর সাথে হাসি তামাশা করবে। ব্রেনটাও খুব বেশি উন্নত নয় ইরার। ততটুকুই চিপ তাতে ব্যবহার করা হয়েছে, যতোটা একটা রোবটকে অন্য রোবটের উপর নজর রাখতে আর প্রতিদিনের কর্মোন্নতির রিপোর্ট দিতে প্রয়োজন। ইরার চিপে কুকুরের লোম থেকে নেওয়া DNA ব্যবহার করা হয়েছিল। ইরাকে বিশ্বস্ত রোবট বানাতে কুকুরের লোমের DNA টা প্রফেসরের মোটেই খারাপ কোন আবিষ্কার নয়।

প্রফেসর তার এক্সপেরিমেন্টগুলো করার সময় একটা নিয়ম কঠোরভাবে মানে। তা হলো, সাবজেক্ট হিসেবে আনা মানুষগুলোর উপর কোন দয়ামায়া না দেখানো। এক্সপেরিমেন্ট সঠিকভাবে করতে হলে আপোষ করা যায় না। 'হারমিওন' চরিত্রটির মতো করে তৈরি করার জন্য টিনা নামের মেয়েটিকে তিনি স্টেশন থেকে নিয়ে এসেছেন। এতো লোকের ভীড়ে একটা মানুষকে অজ্ঞান করে রাস্তায় ভরে আনা অত সহজ নয়।

'বীরবল' চরিত্রের জন্য যে ছিঁচকে চোরকে এনেছিলেন, তার ওপর অনেক পাওয়ারফুল ড্রাগ ব্যবহার করেও তার চুরির অভ্যাস ছাড়াতে পারলেন না।

সাধারণত এখানে আনা সব মানুষের ওপর ML-72 ব্যবহার করা হয়। এটি নিজের ব্যক্তিসত্ত্বাকে ভুলিয়ে দেয়। প্রফেসরের অনুগত রোবট মিয়ন্ড (ডাক্তার গোত্রের রোবট) সব মানুষকে তার প্রয়োজন মতো ড্রাগটি দেয়। কিন্তু সিসি ক্যামেরাতে ডঃ রেইন (গোয়েন্টা গোত্রের রোবট) নাকি এখনও তাকে চুরি করতে দেখেছেন।

প্রফেসর আতোমধ্যে ভেবেও ফেলেছেন যে, বীরবলকে তিনি DTH-N022 নামক ড্রাগ খাইয়ে পরোক্ষভাবে মেরে ফেলবেন। ড্রাগটি আত্মহত্যা প্ররোচনাকারী। এর আগেও অকেজো মানুষগুলোর সাথে তিনি এমনটাই করেছেন। কতোজনের সাথে হিসাব রাখেননি। হিসাবটা ইরা রাখে। তার বিশ্বস্ত রোবট।

ওহ্, হ্যা, ইরা। ইরার ব্রেইন তো নিচুমাত্রার চিপ দিয়ে তৈরি। 'হারমিওন' বানানোর জন্য যে মেয়েটিকে এনেছেন, তার ড্রাগ ডোজ বাড়ানোতে ইরার ধারনা হতে পারে, সেটি মেয়েটির জন্য লিখাল ডোজের কাছাকাছি, কিন্তু প্রতিবাদ করার মতো ব্রেইন তো ওকে দেয়া হয়নি। সে কিভাবে আজ প্রতিবাদ জানাচ্ছে?

"একটা মানুষের মৃত্যু হবে, আর সে কথা চিন্তা করে আমি এক্সপেরিমেন্ট বন্ধ রাখবো, তুমি কি এমন অদ্ভূত কথাটাই বলতে চাচ্ছ, ইরা?"

ইরা-নিশ্চুপ। চোখের পলক পড়ছে, আস্তে আস্তে।

প্রফেসর বললো, "দুপুরে তোমার চিপটা খুলে প্রফেসর গ্রামি'কে দিও, আমার মনে হচ্ছে তোমার চিপে কিছু সমস্যা হচ্ছে।"

ইরা বিচলিত হলো না। সে স্বাভাবিক কণ্ঠেই বললো, "নিশ্চয়ই প্রফেসর।"

প্রফেসর বললো, "খুব সংক্ষেপে বাকি এক্সপেরিমেন্টেড সাবজেক্ট গুলোর প্রগ্রেস সম্পর্কে বলো।"

ইরা বলতে লাগলো, গোপালভাঁড়ের জন্য আনা লিকলিকে লোকটিকে মোটা বানানো হয়েছে।

মাসুদ রানা সমুদ্রের নিচের একটি কেস স্টাডি নিয়ে ব্যস্ত।

কিশোর, রবিন, মুসা তিনজন আরও একটি কেসের সমাধান করলো। কেসটি তাদের বইয়ের কেসগুলো নয়। বইয়ের সব কেস তাদের সমাধান করা শেষ।

প্রফেসর ডীন এবার একটু খুশি হলেনা। বাচ্চাসুলভ হাসি চোখেমুখে। চোখগুলো জ্বলজ্বল করে উঠলো। এইতো তিনি চান- বইয়ের এই চরিত্রগুলোর বাস্তব রূপ।

সুপারম্যান ML-72 সম্ভবত বেশি খেয়ে ফেলেছে, সে শুধু লাফ দেয়। সম্ভবত উড়তে চেষ্টা করে। তাকে বোঝানো যাচ্ছে না যে, তাকে উড়ার ক্ষমতা দেয়া সম্ভব নয়।

প্রফেসরের দুঃখের জায়গাটায় আবারও আঘাত পেলো। তিনি অনেকদিন ধরেই এই মিকারটাই তৈরি করতে চাচ্ছেন, কিন্তু কোনভাবেই সফল হচ্ছেন না। সফল হলে স্পাইডারম্যান, ব্যাটম্যান কোন কিছুই বাদ রাখবেন না বানাতে।

হিমুকে পাওয়া গেছে?, হঠাৎ প্রফেসর বলে উঠলেন।

ইরা স্বাভাবিক ভাবেই বলতে লাগলো, "না, সে উদাসীন হওয়ার ডোজটাই শুধু কম্প্লিট করেছে। বুদ্ধিমত্তার ডোজ আর উদাসীনতা-বুদ্ধিমত্তার ইকুইলিব্রিয়ামিটির ডোজ এখনত কম্প্লিট করেনি। সে নিয়ে ৫ বারের মতো পালিয়েছে। সে বাজেক্ট-ডিকেক্ট লকেটটিও পড়তে ভুলে যায়, তাই তাকে লোকেট করাও সমস্যা হয়ে যায়। ডঃ রেইন রিপোর্ট করেছে, শালর্ক হোমসের মাথায় হিমু-ই কোন জটলা পাকিয়ে দিয়েছে। ডঃ মিয়ন্ড রিপোর্ট করেছে, হিমু'র উপর বুদ্ধিমত্তার ডোজ কাজ করেনা। খুব বোকা টাইপের লোক নাকি ছিলো সে, আরও উন্নত বুদ্ধিমত্তার ডোজ লাগবে।"

"আহ্, আসল কথা বলো।"- প্রফেসর বিরক্তি নিয়ে বললো।

ইরা থেমে গেলো। কিছু বলছে না।

প্রফেসর, ইরার চোখের দিকে চাইলো। আস্তে আস্তে পলক পড়ছে।

ইরা, তুমি তোমার চিপ খোল। ইরার চোখের দিকে তাকিয় থেকেই কঠোর কণ্ঠে বললেন তিনি।

ইরা নড়ছে না। প্রফেসর লক্ষ্য করলো, ইরার চোখগুলো আতঙ্কে চমকে উঠেছে।

CamScanner

প্রে   হঠাৎ একটা বাচ্চাসুলভ হাসি দিলেন। কে বলবে একটা ঠান্ডা মাথার খুনির হাসি এতোটা নিষ্পাপ দেখতে!!
"ব্রে   . ব্রেভো, মাই ডিয়ার, ইরা।" হাসতে হাসতে হঠাৎ থেমে গেলো, ইরার চারদিকে একবার ঘুরে সামনে এসে দাঁড়ালো। আবা   একগাল হাসি দিলো। এবারেরটা কৃত্রিম।
"নাকি অন্য কোন নাম আছে?" হাসিটা কেমন কুৎসিত রূপ ধারণ করলো। ইরা বিপদের সংকেত পেয়েই হাত পাকিয়ে প্রফেসরের মুখে একটা ঘুষি মারলো। নাক থেকে রক্ত বের হয়ে এলো সঙ্গে সঙ্গে। ইরা আরেকবার হাত তোলার আগেই প্রফেসর তার হাতগুলো ধরে ফেললো। ষাঁড়ের মতো শক্তি লোকটার গাঁয়ে। ইরাকে পাশের চেয়ারটার সাথে খুব সহজেই বেঁধে ফেললেন। লোকটা বিজ্ঞানী না হলে কুস্তিগীর হতে পারতো।
"এখন, ডিয়ার, কি যুক্তি তোমার এসব করার?" প্রফেসর যেনো কোন বাচ্চাকে ভুলিয়ে ভালিয়ে উত্তর নিতে চাচ্ছেন এমন ভঙ্গিতে বললেন।
ইরা চুপ করেই রইলো। চোখে পানি এসে পড়েছে।
প্রফেসর আবার বললো, "ইরা হলে কোন যক্তি থাকতো না জানি কিন্তু তুমিতো নিম্নমানের কোন রোবট- ইরা নও। রক্ত মাংসের মানুষ। যার চোখে জ্যুতি আছে। যাতে হুট করে আবেগ প্রকট হয়ে পড়ে। কোন গুপ্তচরের জন্য এটা খুব নেগেটিভ একটা কুয়ালিটি, ডিয়ার।"- প্রফেসর অট্টহাসি দিলেন।
ইরা এখনও কোন কথা বলছেনা দেখে প্রফেসর মুখটাকে কঠিন করে ফেললেন। মুখটা কাছে এনে বললেন, "কতোদিন ধরে আছো এখানে?" "ইরা কোথায়? ওকে নিয়ে অবশ্য কোন চিন্তা নেই আমার। কুকুরের অনেক DNA সংগ্রহে আছে আমার।" বলেই হেসে উঠলেন।
"সুখবর, এই আবিষ্কারের সম্মান থেকে আপনাকে বঞ্চিত থাকতে হবে না। মৃত কোন বিজ্ঞানী কিছু আবিষ্কার করেছে, সাধারণ মানুষতো হজম করতে পারবেন-এ দুঃখ আপনার লাঘর হতে যাচ্ছে, শীঘ্রই।"
ইরা একদৃষ্টিতে প্রফেসরের দিকে তাকিয়ে কথাগুলো বলে গেলো।
কিছু সময়ের জন্য প্রফেসরের চোখগুলো চমকে উঠার ভাবটা এতো স্পষ্ট ছিলো যে, তিনি মুখে অবাক হওয়ার ভাব রাখলে তা বিশ্বাসযোগ্য হবে না।
ইরা তা দেখে হেসে বললো, "ইন্টারন্যাশনাল সাইনটিস্ট গ্রুপের সদস্য, সরি উন্মাদ বিবেচনায় ব্যানড সদস্য এবং বর্তমানে পৃথিবীর চোখে মৃত বিজ্ঞানী টি.এম. ডিনেমার ছোট্ট একটু ভুল করে ফেলেছে তার এই গোপন রাজ্যে।"
প্রফেসর শান্ত কণ্ঠে বললো, "ওই হিমু......."
"আঃ, তাতো আছেই। হিমুর চরিত্রটাই অমন, সে পালাবেই। অবশ্য সে-ই আমাদের মাধ্যম ছিলো আপনাকে খুঁজে বের করার। কিন্তু আপনার ভুলটা ছিলো- আপনার নিজের ওভার-কনফিডেন্স। ইরাকে রোবো-চেকআপ মেশিনের ওপর দিয়ে যেতে হয়, এটি তার মধ্যে অন্যতম। আপনার নিজের আবিস্কৃত কুকুরের DNA দিয়ে বানানো বিশ্বস্ত রোবট বলে কথা।"
প্রফেসর শুনে যাচ্ছে। "তিন সপ্তাহ ধরে আপনার চোখের সামনেই ঘুরে বেরিয়েছি। আর পুরনো ফাইল ঘেটে যা তথ্য সংগ্রহ করেছি, আপনার আদালতে প্রমাণ হিসেবে যথেষ্ট হবে প্রফেসর।" ইরা বললো।
এবার প্রফেসর ইরার দিকে সূক্ষ্ম দৃষ্টিতে তাকিয়ে বললেন, প্লাষ্টিক সার্জারী করিয়েছো। নিশ্চয়ই, ইরার চেহারা পেতে? প্রিন্সেস ডায়নাকেত্ত করিয়েছিলাম।
ইরা জোড়ালো গলায় বললো, "আমাদের হেড এন্ড ফোর্স বাড়িটি ঘেরাও করে ফেলেছে। এইমাত্র সিগন্যাল পেলাম। আমি টিনাকে নিয়ে আবেগ প্রকাশ করা সময়ই তারা আজকেই ফাইনাল অ্যাকশনে নামার সিদ্ধান্ত নিয়ে ফেলেছিলো।"
বিকেলে বন্ধুর সাথে চা খেতে খেতে গল্প করছে এমন ভাব নিয়ে প্রফেসর বলে গেলেন,"তোমার চুলগুলোর জন্য দুঃখিত ডিয়ার, কেটে ফেলতে হয়েছে, না? ইরার চুলের মতো করতে এই ত্যাগ নিশ্চয়ই কষ্ট দিয়েছে তোমাকে।"
হঠাৎ দুম করে একটি শব্দ হলো। তারপর একটি কণ্ঠ, "প্রফেসর ডীন, আমরা আপনার বাড়ির চারপাশ.........।" প্রফেসর কান দিলেন না, যেনো টিভিবে বিরক্তিকর কোন টিপিকাল সিনেমা চলছে।

CamScanner

কিছুক্ষণের মধ্যেই কিছু ইউনিফর্মড লোক রুমে ঢুকলো। তাদের মধ্যে একজন বললো, "প্রফেসর, আপনার সব রোবটকে আমাদের দখলে নিয়ে নেওয়া হয়েছে। আমাদের সাথে কো-অপারেট করুন।" খোশগল্প ছেড়ে যেতে হবে এমন এক ভঙ্গীতে প্রফেসর মুখভঙ্গি করলেন। তারপর উঠে দাঁড়ালেন "গুড জব, ইরা।" গোয়েন্দা প্রধান ইরাকে লক্ষ্য করে সহাস্য ভঙ্গিতে বললেন।

প্রফেসেরর চোখটা সংকুচিত হয়ে গেল।

ইরা হেসে তার না করা প্রশ্নের জবাবটা দিয়ে দিলো, "আমার নাম ইরা আপনার রোবটের সাথে কাকতালীয়ভাবে মিলে গেছে।" একটু থেমে, কি যেনো মনে পড়েছে এই ভঙ্গিতে বললো, "আর আমি চেহারায় কোন সার্জারীও করাইনি। আমি দেখতে রোবট ইরার মতই।" প্রফেসর মনে হলো বিস্মিত হলেন একটু। কিন্তু পরপরই একটা হালকা হাসি দিলেন।

"তবে চুলটা কাটতে হয়েছে।" হেসে উঠলো সে।

প্রফেসরের কাছ থেকে আরও কিছুক্ষণ অবাক মুখ ভঙ্গিটাই আশা করছিল ইরা। কিন্তু খুব স্বাভাবিক ভাবেই তিনি ফোর্সের সাথে রুম থেকে কিছু করতে চেয়েও না করা প্রশ্নগুলো ইরার মাথাতেই ঘোরপাক থেকে লাগলো। প্রফেসর চাইলেই তো তাকে মেরে ফেলতে পারতেন। কিন্তু তিনি কোনো তা করেননি?

আর সবশেষের ঐ হাসিটা॥ খুব বিশেষ একটা মুখোভঙ্গি, যেনো বলতে চাচ্ছে-পরবর্তীতে গবেষণার জন্য কিছু একটা পেয়ে গেছেন। সম্ভবত-'ইরা'

মোঃ মাফিন মোর্শেদ

২য় বর্ষ, রোল : ৩০

জন্ম তারিখ বের করার যাদু

অন্যের জন্ম তারিখ বের করে অপর কে তাক লাগিয়ে দিতে কার না ভাল লাগবে? এই যেমন বন্ধুদের আড্ডায় যদি সবার জন্ম তারিখ বের করে বলা যায়, অপরের বাহ্বা মিলবে খুব সহজেই। এবার জানা যাক জন্ম তারিখ বের করার সে কৌশল:

১ম ধাপ : প্রথমে তোমার বন্ধুকে বল তার জন্ম তারিখকে ২০ দ্বারা গুণ করতে এবং গুণফলের সাথে ৭৩ যোগ করতে হবে।

২য় ধাপ : এবার যোগফলটিকে ৫ দ্বারা গুণ করে গুণফলের সাথে তার জন্ম মাসের ক্রমিক সংখ্যা যোগ করতে হবে (যেমন জানুয়ারি হলে ক্রমিক সংখ্যা-১, এভাবে করে ফেব্রুয়ারি-২, ডিসেম্বর-১২)

৩য় ধাপ : এবার বন্ধুকে জিজ্ঞেস কর চূড়ান্ত ফলাফল কত হল। আর এ সংখ্যার মধ্যে লুকানো আছে জন্ম তারিখটি।

ধরা যাক, বন্ধুটির জন্ম তারিখ ২৪ সেপ্টেম্বর।
তাহলে ধাপগুলো হবে-

ক। ২৪ X ২০ = ৪৮০
খ। ৪৮০ + ৭৩ = ৫৫৩
গ। ৫৫৩ X ৫ = ২৭৬৫
ঘ। ২৭৬৫ + ৯ = ২৭৭৪ (চূড়ান্ত ফলাফল)

৪র্থ ধাপ : এবার জন্ম তারিখটির জন্য শুধু জিজ্ঞেস করতে হবে চূড়ান্ত সংখ্যাটি কত। এক্ষেত্রে-২৭৭৪

৫ম ধাপ : চূড়ান্ত সংখ্যাটি জেনে তা থেকে ৩৬৫ বাদ দাও। অর্থাৎ এখানে (২৭৭৪-৩৬৫)=২৪০৯

প্রাপ্য সংখ্যাটির একক ও দশকের অংক নির্দেশ করবে জন্ম মাসের ক্রমিক সংখ্যা এবং শতক ও হাজারের অংক নির্দেশ করবে জন্ম তারিখ।

যেমন, উপরিউক্ত উদাহরণে প্রাপ্ত ফলাফল ছিল ২৪০৯। এক্ষেত্রে ০৯ হল মাসের ক্রমিক সংখ্যা অর্থাৎ সেপ্টেম্বর মাস আর ২৪ হল জন্ম তারিখ অর্থাৎ ২৪ শে সেপ্টেম্বর।

বিঃ দ্রঃ গুণ যোগের কাজ বেশি জটিল মনে হলে তা মনে মনে না করে বন্ধুর হাতে একটি ক্যালকুলেটর বা মোবাইল ফোন তুলে দিলে তা আরও সহজে ও দ্রুত করে ফেলা সম্ভব।

খোকার মা

মোঃ মোস্তাসির বিল্লাহ (হৃদয়)

রোল-০৩ ২য় বর্ষ

ভোর হলো দোর খোলো
খোকার মা উঠরে,
মোবাইলটা বেজে বলে
এইবার ছোট রে।

লাফ দিয়ে উঠে পড়ি
নেমে পড়ি যুদ্ধে,
বলে গুড মর্নিং
হাসি মুখ বুদ্ধে।

কারো হবে গ্রীন টি
কারো দুধে কমপ্লেন,
কেউ চায় চিনি কম
কারো ঠিক পরিমাণ

অফিসের ভাতে মাছে
টিফিনেতে ফুজিয়া,
কারো পাতে ঘি বেশি
কাউকে বা বুঝিয়া।

ছেলে খোঁজে জুতা মোজা
মেয়ে বলে জামা চাই,
বর বলে ডার্লিং....
করে দাও বাই বাই।

ঘড়ি বলে তাড়াতাড়ি
সারো হাত চালিয়ে,
ছোট ওরে অটো বাস
গেল বুঝি পালিয়ে।

ছুটে যাই বাজারেতে
মাছ বসে ঘামছে,
সবজির দর দেখি
উঠছে আর নামছে।

ঝাড়ু আছে কাচা আছে
সেরে ফেলো এবেলা,
ঝি বলে বৌদি গো
আসবুনি ওবেলা।

সন্ধ্যাতে ছেলে মেয়ে
ম্যাথ কষে খাতাতে
হিস্ট্রি, কেমিস্ট্রি কি
ঠাসো সব মাথাতে।

আকবের, নিউটনে
হয় কিরে দোস্তি?
বোটানির সাথে চলে
ভূগোলের মাস্তি।

ভাবছো কি ছুটি হলে
থাকি খুব সুখেতে?
মাছ, ডাল, শুক্তো আর
রোচে না যে মুখেতে

লাগাও স্পেশাল মেনু
বিরিয়ানী চাঁপাতে,
সোনামুখ করে খায়
ছেলে মেয়ে বাপেতে।

এছাড়াও গেস্ট আছে,
আছে জ্বর জ্বালারে,
হাজারটা ফরমাশ
কান ঝালাপালা রে।

তাও বলে গৃহবধু
জব কিছু করোনা!
ঘরে থাকো আরামে
জ্যাম জটে পড়োনা।

কোন ফাঁকে চাঁদ দেখি
ঢুলু ঢুলু চোখেতে,
কবিতার খাতা কাঁদে
কলমের শোকেতে।

CamScanner

শোন, শোন পিতা

ডাঃ শুভাগতা আদিত্য
প্রভাষক (এনাটমি)

প্রয়াত কিংবদন্তী প্রফেসর ডাঃ মনসুর খলিল স্যারের স্মরণে শ্রদ্ধাঞ্জলি

তিনি ছিলেন এক আলোকবর্তিকা
এক সাধক, নিরহংকার, নির্লোভ, সততার পূজারী।
বিশাল ব্যাপ্তি তাঁর হৃদয়ের আলোক-বিচ্ছুরণের,
যেন পৃথিবীর সব শুষ্কতা, শূন্যতা মলিন হয়ে যেত।
সেই মহিমান্বিত পুরুষের পদার্পনে
নিশ্চিন্ত, নির্ভার ছিলাম আমি।
অভাজন আমি-
বুঝিনি তোমাকে,
অনুভব করতে পারিনি তোমার মহিমা।
তোমার বিশালতা আকাশের মত,

এত আদিগন্ত দৃষ্টি আমার নেই, তাই
তোমাকে সবটুকু চিনতেই পারিনি।

তারপর একদিন- হঠাৎ-
পিতৃ- বিয়োগের বিষাদ- ঝংকারে রণিত হল আকাশ-বাতাস
চলে গেলেন ক্ষণজন্মা পুরুষ পৃথিবীর মায়া ছেড়ে।
তিনি পূন্যাত্মা, মহান,
পৃথিবীর মায়া তাঁকে কি ধরে রাখতে পারে সীমাবদ্ধতার গন্ডিতে?
তিনি চিরকাল অবিনশ্বর,
তাঁর তুলোনা কখনোই লেখনীয় তুলিতে আঁকা যাবেনা, তবু-
এই ক্ষুদ্র প্রয়াস,
আপনাকে শত কোটি প্রনাম জানাই
ডাঃ মনসুর খলিল স্যার।

ফাউজিয়া আক্তার
২য় বর্ষ, রোল : ১১

বাবা ও ছেলের মধ্যে কথোপকথন

ছেলে ঃ বাবা, আমি সায়েন্স, কমার্স নাকি আর্টস নিব?
বাবা ঃ কেন....? আমার কি টাকার অভাব আছে....?
তিনটাই নিয়ে নে।

What in this ?

This is Medical.

শুরু হলো খেল
নেই ঘুমোনোর সময়
নাকে দিয়ে তেল

আছে আইটেমের টেনশন
আর Pending এর বেল
This is Medical.

আছে Card Exam
নয় Card খেলা
এরপর শুরু হয়
Term এর পালা।

Proff যেন মনে হয়
দুনিয়ার পুলসিরাত
পড়তে পড়তে যে
হতে হয় কাত।

নেই কোনো ছুটি
বাড়ি যাওয়ার তাল
জীবনটা আটকে যাওয়া
মাছের মত জাল।

আদর করে ডাকি তবু
মিস্টার জেল
This is Medical

Now, why we are
in Medical?
-To serve the people
and get a
Heaven's happiness.

CamScanner

সেরা শিক্ষক

সোনালী আক্তার
২য় বর্ষ, রোল : ০৯

ম্যাগাজিনের জন্য কি লিখব-তা ভেবে পাচ্ছিলাম না।
তাই ঠিক করলাম, নিজের অনুভূতি গুলো আজ কলমের আচড়ে, সাদা কাগজে ব্যক্ত করব।

আমাদের মেডিকেল কলেজটা অবকাঠামো দিক দিয়ে উন্নত না হলেও, আমাদের করেজের পরিবেশ, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থী সব দিক থেকে উন্নত ও অন্যান্য মেডিকেল কলেজের সমকক্ষ।

প্রথমে ভেবেছিলাম, এতো ছোট্ট শহরে মেডিকেল কলেজ, নতুন মেডিকেল কলেজ-এই কলেজের মান জানি না কেমন হবে। কিন্তু আজ আমি বলব যে, এটা আমার মেডিকেল কলেজ। এই মেডিকেল কলেজে চান্স পেয়ে সত্যিই আমি অনেক ভাগ্যবতী।

আমাদের প্রিন্সিপাল ডাঃ এম.এ. ওয়াকিল স্যার আমাদেরকে অনেক আন্তরিকতার সাথে এই নতুন পরিবেশে সাদরে গ্রহণ করেছেন। বলা যায় যে, তিনি আমাদের মেডিকেল কলেজের মধ্যমনি। তিনি আমাদের "পিতার" মতো। তিনি যেমন আমাদেরকে আদর, স্নেহ করেন ঠিক তেমনি একইভাবে ভুল করলে শাসনও করেন। তিনি ফিজিওলজী বিভাগের প্রধান। তিনি অনেক সহজ উপায়ে আমাদের সাথে গল্প করতে করতে আমাদেরকে ফিজিওলজীর রস আস্বাদনে সাহায্য করেন। অন্যান্য মেডিকেল কলেজের প্রিন্সিপাল স্যার ছাত্রদের এতো খেয়াল রাখে না। কিন্তু আমাদের প্রিন্সিপাল স্যার সার্বক্ষণিক আমাদের পথপ্রদর্শন করেন, খেয়াল রাখেন।

ফিজিওলজী বিভাগের প্রভাষক ডাঃ নওশীন রুবাইয়্যাৎ ম্যাম। ম্যাম অনেক ভালো। ফিজিওলজী ক্লাসের প্রথম টিচার তিনি। তাঁর হাতেই শুরু আমাদের হাতেখড়ি। আইটেমের টেবিলে আমরা যখন কিছু পারি না, তখন ম্যাম একটু রাগ করেন। কিন্তু ম্যামের এই রাগ আর শাসন আমাদের পড়াশোনার অনুপ্রেরণা। আইটেমে আমরা না পারি ম্যাম যখন বলে-"কি-রে-মা", "না-রে-মা" ইত্যাদি বলে সম্বোধন করেন, তখন মন ভরে যায়। আর "পড়া" আপনা আপনি মুখে চলে আসে।

এনাটমী বিভাগের প্রভাষক ডাঃ শুভাগতা আদিত্য ম্যাম। ম্যামের ক্লাসের ৩টি rules : Regularity, Punctuality, Discipline.

ম্যামকে দেখে কড়া মনে হয় না। কিন্তু ম্যাম অনেক কড়া পড়াশোনার ক্ষেত্রে। কিন্তু ম্যামের মন অনেক নরম। ম্যাম অনেক সহজেই অন্যের ব্যাথায় ব্যথিত হয়ে পড়েন। ম্যাম অনেক কঠিন পড়াকে সহজ করে বোঝান। ম্যামের Sixth sense অনেক ভালো- ম্যাম মুখ দেখেই আমাদের মনের কথা বুঝতে পারে। ম্যাম আমার আদর্শ।

এনাটমী বিভাগের ডাঃ মুহাম্মদ সাইফুল আমীন স্যার। স্যার আমাদেরকে অনেক Easy way- তে পড়া শেখান। স্যারের ক্লাস অনেক মজার। স্যারের কথায় কথায় OK, OK, বলা আর পড়ার ক্ষেত্রে "Grossly" বলা টা অনেক ভালো লাগে।

ডাঃ লুৎফর নাহার লিপি ম্যাম এনাটমী বিভাগের প্রভাষক। Personally আমার ম্যামকে অনেক ভালো লাগে। তাকে মায়ের মতোন মনে হয়। ম্যামের ক্লাসটা আমরা সবাই বেশ উপভোগ করি।

বায়োকেমিস্ট্রি বিভাগের ডাঃ রবিন ফয়সাল স্যার। স্যার ক্লাসের প্রাণ। স্যারের ক্লাসে সব জড়তা কেটে যায়। স্যার অনেক মজা করে পড়া বোঝায়।

CamScanner

বা কেমিস্ট্রি বিভাগের ডাঃ ইশরাত জাহান কাঁকন ম্যাম। ম্যামের একটা মজার স্বভাব হচ্ছে ম্যাম নামের সা ফেস মনে রাখতে পারে না। ম্যাম অনেক ভালোভাবে পড়া বোঝায়। তাই আমার Favourite Su ect Biochemestry.

ডাঃ মোর্শেদা ম্যাম নতুন এক মাত্রা যোগ করেছে বায়োকেমিস্ট্রি বিভাগে। ম্যামের ক্লাস করলেই আইটেম Clear. কারণ ম্যাম ক্লাসে এমনভাবে পড়ান যে, পরবর্তীতে তা বেশি পড়তে হয় না।

Higher level-এ অনেক Professor, Teacher আসবে। কিন্তু মেডিকেলের প্রথম জীবনে (1st Year) যে শিক্ষকরা, প্রভাষকরা আমাদেরকে মেডিকেল Tearm গুলো শেখান তাদের মতো কেউ হবেন না। তাঁরা আমাদের "হাতেখড়ি" দিয়েছেন। তাঁরা আমাদের ABC শিখিয়েছেন। আমার জীবনের প্রতিক্ষেত্রেই তাদের ভূমিকা অনেক। ভবিষ্যতে যেখানেই থাকব এই "স্যার-ম্যাম-দের" কথা চিরকাল মনে থাকবে। চিরকাল সম্মান করে যাব।

প্রিন্সিপাল স্যার এবং অন্যান্য প্রভাষক স্যার ও বিভাগীয় প্রধান স্যার-ম্যামদের জন্য আজ আমাদের পাশের হার ১০০% । আল্লাহর রহমতে এই ধারা অব্যাহত থাকবে।

[ভুল হলে Please ক্ষমার দৃষ্টিতে দেখবেন]

মোঃ মাফিন মোর্শেদ
২য় বর্ষ, রোল : ৩০

পথচারী : এই তুমি ভিক্ষা কর কেন?
জান না ভিক্ষে খুব খারাপ কাজ?
ভিখারী : আপনি কি কখনও ভিক্ষে করেছেন সাহেব?
পথচারী : কি বলছেন! কখনো না।
ভিখারী : তাহলে আপনি কি করে বুঝলেন এটা খারাপ কাজ?

বাসের কন্ট্রাক্টর : দাঁড়িয়ে আছেন কেন?
সিট খালি আছে। বসে পড়ুন।
যাত্রী : মাফ করুন। বসতে আসিনি।
আমার একটু তাড়াতাড়ি বাসায় ফিরতে হবে।

ডাক্তার : এক্স-রে করে আপনার পেটে ১২টি চামচ পাওয়া গেছে।
রোগী : ঠিকই তো আছে। আপনি চার দিন তিন চামচ করে খেতে বলেছিলেন।

শিক্ষক : বলতো পাঁচ থেকে দুই বাদ দিলে কত থাকে?
ছাত্র : বুঝলাম না স্যার
শিক্ষক : ধরো তোমাকে পাঁচটা আপেল দিলাম
ছাত্র : কবে দিলেন স্যার?
শিক্ষক : আরে বাবা! ধরো তুমি বাজার থেকে পাঁচটা আপেল কিনে দুটো আমাকে দিলে।
ছাত্র : আমার আপেল আপনাকে দিব কেন?

দাদু : বলতে পারিস তোর বাবার বয়স কত?
নাতনি : দশ বছর।
দাদু : (অবাক হয়ে) তা কি করে হয়? তোর বয়সই তো দশ বছর।
নাতনি : কেন? আমার জন্মের পরই তো তিনি বাবা হয়েছেন।

স্মৃতি পাতায় পাতায়....

মাননীয় বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম এমপি মহোদয়কে সম্মাননা স্মারক প্রদান করছেন অধ্যক্ষ মহোদয়, উপস্থিত রয়েছেন জেলা প্রশাসক জনাব মোঃ শাহাবুদ্দিন খান

বার্ষিক ক্রিড়া প্রতিযোগীতার
পুরস্কার বিতরণ করছেন অধ্যক্ষ মহোদয়

বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ২০১৬ উদ্‌যাপন উপলক্ষে
বর্ণাঢ্য র‍্যালি

সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে সোচ্চার
জামালপুর মেডিকেল কলেজ

বর্ষ বরণে জামালপুর মেডিকেল কলেজ

জাতির জনকের শাহাদৎ দিবসে শোকার্ত
জামালপুর মেডিকেল কলেজের শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দ

CamScanner

স্মৃতি পাতায় পাতায়....

জামালপুর মেডিকেল কলেজের ফুটবল টিমের খেলোয়াড়দের সাথে অধ্যক্ষ মহোদয়

মহান বিজয় দিবসে পতাকা উত্তোলন করছেন
অধ্যক্ষ ডাঃ এম.এ ওয়াকিল এবং শিক্ষকবৃন্দ

বিজয় দিবসের র‍্যালিতে অধ্যক্ষ ডা: এম.এ ওয়াকিল স্যারের সাথে
শিক্ষক-শিক্ষিকাবৃন্দ এবং ছাত্র-ছাত্রীদের একাংশ

ল্যাবরেটরীতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের একাংশ

অধ্যক্ষ মহোদয় ও শিক্ষক-শিক্ষিকাবৃন্দের সাথে ছাত্র-ছাত্রীবৃন্দ

স্মৃতি পাতায় পাতায়....

একুশের চেতনায় উদ্বুদ্ধ জামালপুর মেডিকেল কলেজ

মহান বিজয় দিবস-২০১৬, শহীদ বেদিতে পুষ্প অর্পণ করছেন জামালপুর মেডিকেল কলেজের অধ্যক্ষ, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ

ব্যবহারিক ক্লাসে ছাত্র-ছাত্রীদের একাংশ

বার্ষিক প্রীতিভোজে অধ্যক্ষ মহোদয়ের সাথে শ্রদ্ধেয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ

ীয় ব্যাচের নবীন বরণে সম্মানিত অতিথিবৃন্দের সাথে অধ্যক্ষ মহোদয়

দ্বিতীয় ব্যাচের নবীন বরণ অনুষ্ঠানের একাংশ

CamScanner

CamScanner